



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

বায়রা/নির্বাচন/২০৫/২০২১/৯০


তারিখ : ০৮-০৩-২০২১

বিষয় : নির্বাচন বোর্ডের সিদ্ধান্ত অবগতকরণ প্রসঙ্গে।

বায়রা নির্বাচন বোর্ড ২০২১ কর্তৃক আয়োজিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বায়রার সম্মানিত সদস্যবৃন্দের সদয় অবগতি ও সানুগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : সভার কার্যবিবরণী ০২ পাতা।

বিতরণ :
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।


০৮/০৩/২০২১
(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

অনুলিপি :
প্রশাসক, বায়রা।



Tel: 88-0241032136-38

Fax: 88-0241032144

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: 88-02-9345587, 9348096, 48312144

Fax: 88-02-9344979, E-mail: baira1984@gmail.com, Web: baira.org.bd

৩৬৫
০৮/০৩/২০২১

০৫
৩৬৪/৩/২০২১

বায়রা নির্বাচন বোর্ড (২০২১-২০২৩) এর সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মিরাজুল ইসলাম উকিল
উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়

ও

সভাপতি, বায়রা নির্বাচন ২০২১-২০২৩।

তারিখ ও সময়: ০১/০৩/২০২১ খ্রি, বিকাল ৪.০০টা

স্থান: বায়রা সচিবালয়ের সম্মেলন কক্ষ

১। সভায় উপস্থিত সম্মানিত সদস্যসবৃন্দঃ

ক্রমিক নং	নাম ও পদবী
১	জনাব সুবর্ণা সরকার, সিনিয়র সহকারী সচিব, বাণিজ্য মন্ত্রণালয় এবং সদস্য, বায়রা নির্বাচন বোর্ড ২০২১-২০২৩।
২	জনাব প্রণব কুমার ঘোষ, সিনিয়র সহকারী সচিব, বাণিজ্য মন্ত্রণালয় এবং সদস্য, বায়রা নির্বাচন বোর্ড ২০২১-২০২৩।


২। বায়রা'র সচিব (প্রশাসন) জনাব মুহাম্মাদ মাকসুদুর রহমান এবং সচিব (অর্থ) ড. মোঃ আব্দুল জলিলসহ বায়রা সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দও সভায় উপস্থিত ছিলেন।

৩। সভায় আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহঃ

ক্র. নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
১	নির্বাচনের তারিখ পুনর্বিবেচনা	নির্বাচনের জন্য ঘোষিত ০৮/০৫/২০২১ তারিখ পবিত্র রমজান মাস থাকবে বিধায় তা পিছিয়ে ঈদের ছুটির পর পুনঃনির্ধারণ সংক্রান্ত এজেন্ডী মালিকদের অনুরোধ বিষয়ে আলোচনা হয়। তবে ৩১/০৫/২০২১ তারিখের মধ্যে নির্বাচন সম্পন্নকরণ বিষয়ে মহামান্য হাইকোর্টের নির্দেশনা রয়েছে।	নির্বাচন সম্পন্ন করার বিষয়ে মহামান্য হাইকোর্টের সময়াবদ্ধতার নির্দেশনা রয়েছে বিধায় নির্বাচনের জন্য ঘোষিত তারিখ পিছানো সমীচীন হবে না।
২	মনোনয়নপত্র বিতরণের জন্য শুরু ও শেষ তারিখ নির্ধারণ	আগামী ৩০/০৩/২০২১ তারিখের মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন সম্পন্ন করা হবে।	বায়রা'র আসন্ন নির্বাচনে আগ্রহী প্রার্থীগণ ৩১ মার্চ ২০২১ থেকে ৫ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন।
৩	একজন সদস্য অন্যান্যদের জন্য মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন কি-না	একজন প্রার্থীর নামে সংগৃহীত মনোনয়নপত্র অন্য কেউ ব্যবহার করলে নির্বাচনী কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ব্যাহত হতে পারে বিধায় বিষয়টি নিয়ন্ত্রণে রাখা প্রয়োজন।	কোনো প্রার্থী ব্যক্তিগতভাবে এসে মনোনয়নপত্র সংগ্রহ করতে না পারলে অন্য একজন সদস্যকে নিজ প্রতিষ্ঠানের প্যাডে ক্ষমতাপত্র/লিখিত অনুরোধপত্র/ অথরাইজেশন লেটার প্রদানপূর্বক তা সংগ্রহ করতে পারবেন।

৪	নির্বাচন পরবর্তী অফিস বেয়ারার নির্বাচন সংক্রান্ত	অফিস বেয়ারার নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি পদের বিপরীতে মনোনয়নপত্রের বিষয়ে নির্ধারিত ১০,০০০/- (দশ হাজার) টাকা মূল্যের শর্ত পুনর্বিবেচনা করার অনুরোধ জানানো হয়েছে।	বিষয়টি পরবর্তীতে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
৫	ভোটকেন্দ্রের ভেন্যু নির্ধারণ	খোলামেলা ও সুপারিসর স্থানে ভোটকেন্দ্রের ভেন্যু নির্ধারণ করার বিষয়টি নির্বাচনী বোর্ডের বিবেচনায় রয়েছে।	সুবিধাজনক স্থানে ভোট কেন্দ্র স্থাপন করা হবে।
৬	চাহিত কাগজপত্র সত্যায়ন	ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির সময় দাখিলতব্য কাগজপত্র সত্যায়নকারী কে হবেন এ বিষয়ে আলোচনা হয়।	ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির সময় দাখিলতব্য কাগজপত্র বায়রা অফিসে কর্মরত ২ জন সচিবের যে কোনো একজন সত্যায়িত করলে তা গ্রহণযোগ্য হবে।
৭	আয়কর সার্টিফিকেট সংযোজন সংক্রান্ত	বাগিছা সংগঠন বিধিমালা, ১৯৯৪-এর ৬(১) বিধিতে উল্লেখ আছে, “ফেডারেশন ব্যতীত অন্য যে কোন বাগিছা সংগঠনের সদস্য হওয়ার জন্য আবেদনকারী ব্যক্তি হালনাগাদ আয়কর সনদপত্রের কপি দাখিল করিতে হইবে এবং পরবর্তীতে প্রতি বৎসর, সংশ্লিষ্ট সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, উক্ত ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদপত্রের অনুলিপি সমূহ উক্ত সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করিবেন, অন্যথায় তাহার সদস্যপদ বাতিল হইবে”।	ভোটার হবার ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট কপি জমাকরণের শর্ত শিথিল করার সুযোগ নেই। বিশেষ ক্ষেত্রে কারো কোম্পানী/এজেন্টের হালনাগাদ সার্টিফিকেট না করা হয়ে থাকলে ব্যক্তিগত আয়কর সার্টিফিকেটের অনুলিপি গ্রহণযোগ্য।
৮	চাঁদা পরিশোধের বাধ্যবাধকতা	বাগিছা সংগঠন বিধিমালা, ১৯৯৪-এর ১৩(৩) বিধিতে উল্লেখ আছে, “সংশ্লিষ্ট বাগিছা সংগঠনের নির্বাচন তারিখের পূর্ববর্তী ১২০ দিনের মধ্যে সদস্য হইয়াছেন বা নির্বাচন তারিখের পূর্ববর্তী ৬০তম দিন পর্যন্ত সংগঠনের প্রাপ্য চাঁদা বকেয়া রাখিয়াছেন এমন কোনো সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারিবেন না”।	চাঁদা পরিশোধের বাধ্যবাধকতা যথানিয়মে বহাল থাকবে।

৪। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বায়রা সচিবালয় থেকে এজেন্ট মালিকদেরকে জানানোর জন্য অনুরোধ করা হলো। আর কোন
আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মিরাজুল ইসলাম উকিল)

উপসচিব, বাগিছা মন্ত্রণালয় ও

চেয়ারম্যান, বায়রা নির্বাচন বোর্ড-২০২১-২০২৩